

জাবির প্রশাসনিক ভবন অবরুদ্ধ ভোগান্তিতে শিক্ষার্থীরা

■ জাবি সংবাদদাতা
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) উপাচার্যের পদত্যাগ দাবিতে ঐক্য ফোরামের আন্দোলন অব্যাহত থাকায় টানা ২১ দিন ধরে প্রশাসনিক ভবন অবরুদ্ধ রয়েছে। এ কারণে কার্যত অচল হয়ে পড়েছে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম। এতে বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের ভর্তি পরীকার কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। ফলে ভর্তি পরীক্ষা নিয়ে ফের অনিশ্চয়তা তৈরি হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। দায়িত্বপ্রাপ্ত উপাচার্য আফসার আহমেদ সন্ধ্যাকালেকে জানান, ভর্তি পরীকার বিষয়ে মঙ্গলবার সভা হওয়ার কথা।

তবে বিকেলে এ রিপোর্ট লেখা পর্যন্ত সভার ব্যাপারে কিছু জানা যায়নি। এ ছাড়া আটকে আছে গুরুত্বপূর্ণ ফাইল। অন্যদিকে, আন্দোলনে ভোগান্তির শিকার হচ্ছেন সাধারণ শিক্ষার্থীরা। মাস্টার্স, এমফিল, পিএইচডি ভর্তিতে বাধার সম্মুখীন হচ্ছেন শিক্ষার্থীরা। এমন একজন

প্রাণ-রসায়নের মাস্টার্সের ছাত্র তোফায়েল আহমেদ। তিনি বলেন, 'আন্দোলনের কারণে এক মাসেও মাস্টার্সে ভর্তি হতে পারিনি। যেখানে যাতায়াত অবস্থায় তিনদিন লাগার কথা।' আন্দোলন প্রসঙ্গে শিক্ষক মজ্জের সুবর্ণপ্রভা রায়হান রাইন বলেন, ঐক্য ফোরামের দাবি বিশ্ববিদ্যালয়ে অধ্যাদেশ ১৯৭৩-এর গণতান্ত্রিক স্পিরিট লঙ্ঘন। যারা এই কর্মকাণ্ডে লিপ্ত আছেন তারা আর যাই হোক এ বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক ও নিপীড়নবিরোধী চেতনাকে ধারণ করেন না।